



ভোটে অংশ নিতে দুই উপদেষ্টার পদত্যাগ আগামী সপ্তাহে



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে উপদেষ্টা পরিষদের দুই সদস্য—এলজিআরডি উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ও তথ্য উপদেষ্টা মো. মাহফুজ আলম—শীঘ্রই পদত্যাগ করতে যাচ্ছেন। নির্বাচনে অংশ নিতে তফসিল ঘোষণার আগেই তারা দায়িত্ব ছাড়বেন। তাদের বিদায়ের পর পরিষদে নতুন মুখ আসার সম্ভাবনা রয়েছে।

গণ-অভ্যুত্থানের নেতৃত্বে থাকা এই দুই উপদেষ্টা স্বতন্ত্র প্রার্থী হিসেবে বিএনপির শূন্য আসনে লড়াই করতে পারেন বলে সূত্র জানিয়েছে। বিষয়টি তারা মৌখিকভাবে প্রধান উপদেষ্টাকেও জানিয়েছেন। ডিসেম্বরের প্রথম সপ্তাহে ভোটার তালিকা চূড়ান্ত এবং ১০ ডিসেম্বরের মধ্যে তফসিল ঘোষণার সম্ভাবনা রয়েছে। সম্ভাব্য ভোটের তারিখ ৮ ফেব্রুয়ারি।

এদিকে নির্বাচনি জোট গঠনে এনসিপির বৈঠকে বিভিন্ন সমীকরণ ওঠে আসে। তবে আপ বাংলাদেশকে জোটে নেওয়ার প্রস্তাবে মতভেদ দেখা দেয়, ফলে বৈঠক ভেঙে যায়। বিএনপির সঙ্গে জোট বা এককভাবে নির্বাচন—দুটি নিয়েই আলোচনা চললেও এখনও সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি।

সাংবাদিকদের প্রশ্নে আসিফ মাহমুদ বলেন, নীতিগত কারণে উপদেষ্টা পদে থেকে নির্বাচন করা ঠিক নয়, তাই পদত্যাগ করেই মাঠে নামবেন। কোন দল থেকে লড়বেন তা এখনো ঠিক করেননি। তিনি ঢাকা-১০ আসনের ভোটার হওয়ায় সেই আসন থেকে প্রার্থী হওয়ার জল্পনা রয়েছে।

তথ্য উপদেষ্টা মাহফুজ আলম গত কয়েক মাস ধরে পদত্যাগ নিয়ে অনিশ্চয়তার কথা জানিয়ে আসছেন। তাঁর কিছু মন্তব্যে সরকারের নীতিনির্ধারকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়াও তৈরি হয়েছে। তবে সরকার জানিয়ে দিয়েছে—নির্বাচন কমিশনের দায়িত্ব গ্রহণ পর্যন্ত উপদেষ্টা পরিষদের সভা চলমান থাকবে।

এদিকে ছাত্রশিবিরের সাবেক নেতাদের উদ্যোগে ৯ মে যাত্রা শুরু করা নতুন রাজনৈতিক দল 'ইউনাইটেড পিপলস বাংলাদেশ (আপ বাংলাদেশ)'ও নির্বাচনি আলোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকায় আসতে পারে।